গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০০০.০০০.২৯.০০০১.২৫. ৪০৮ তারিখ: ০৮ নভেম্বর ২০২৬ খ্রিঃ

বিষয়: "WCO National Workshop on Data Analytics (DA) for Bangladesh" বিষয়ক কর্মশালায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, WCO National Workshop on Data Analytics (DA) for Bangladesh" বিষয়ক একটি কর্মশালা আগামী ১১-১৪ জানুয়ারি ২০২৭ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে (কক্ষ নং ৫১৫) অনুষ্ঠিত হবে। কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে WCO এর সদর দপ্তর ব্রাসেলস্, বেলজিয়াম হতে আগত এক্সপার্টগণ উক্ত কর্মশালা পরিচালনা করবেন এবং কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

০২। বর্ণিতাবস্থায়, উক্ত কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে কাস্টমস ও ভ্যাট বিভাগে কর্মরত আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ২২ নভেম্বর ২০২৬খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা] বরাবর আবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে আবশ্যিকভাবে উক্ত আবেদনের Nikosh ১২ ফন্টে সফটকপি ও পিডিএফ কপি wcoaffairs@nbr.gov.bd এ ই-মেইলে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ পাতা।

৮.১১.২০২৬

(দ্বৈপায়ন চাকমা)
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs)
ই-মেইল: wcoaffairs@nbr.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টমস হাউস (সকল)।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
১০. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/SASEC-Integratted Trade Facilitation SDP: NBR Part/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১১. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১৩. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
১৪. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।